

২৫/৩/১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন

ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

১৬/৩/১৩ ২৮৩

স্মারক : ৪১.০১.০০০০.০৬২.০৭.৪৪৯.০৬- ২৭০

তারিখ : ২৪ চৈত্র, ১৪১৯ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০১৩ খ্রিঃ

বিষয় : সমাজসেবা অধিদফতরের আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের ২০১৩-২০১৪ অর্থ বছর হতে খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য দরপত্র আহবান ও অনুমোদনের লক্ষ্যে নির্দেশনা প্রদান।

- স্মারক : (১) ৪১.০১.০০০০.০৬২.০৭.৪৪৯.০৬-২১২, তারিখ : ২৬ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিস্টাব্দ।
(২) ৪১.০১.০০০০.০৬২.০৭.৪৪৯.০৬-২৩২, তারিখ : ৫ মার্চ, ২০১৩ খ্রিস্টাব্দ।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১নং স্মারকে সমাজসেবা অধিদফতরধীন আবাসিক সুবিধা সম্পন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সংশোধিত দরপত্র মূল্যায়ন কমিটি পুনর্গঠন সংক্রান্ত পরিপত্র ইতোমধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও সকল আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের ২০১৩-২০১৪ অর্থ বছর হতে খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য দরপত্র আহবান ও অনুমোদনের ক্ষমতা সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর ন্যস্ত করণ সংক্রান্ত পত্র ২নং স্মারকে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।

এক্ষণে, ২০১৩-২০১৪ অর্থ বছর হতে সমাজসেবা অধিদফতরধীন আবাসিক সুবিধা সম্পন্ন প্রতিষ্ঠানের নিবাসিদের জন্য খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য জেলা পর্যায়ে দরপত্র আহবান ও অনুমোদনের জন্য নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

১. মার্চ/২০১৩ মাসের মধ্যে ২০১৩-২০১৪ অর্থ বছরের দরপত্র আহবান করতে হবে। পরবর্তীতে প্রতি বছরের মার্চ মাসের মধ্যে পরবর্তী অর্থ বছরের দরপত্র আহবান করতে হবে।
২. দরপত্র বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত আকারে হতে হবে। দরপত্রের বিস্তারিত তথ্য সিডিউল এবং শর্তাবলীতে উল্লেখ্য থাকবে। দরপত্র বিজ্ঞপ্তির একটি নমুনা কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।
৩. দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারিত কমপক্ষে একটি জাতীয় বাংলা দৈনিক ও ইংরেজী দৈনিক পত্রিকায় ১(এক) দিন প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪. জুন/২০১৩ মাসের মধ্যে ২০১৩-২০১৪ অর্থ বছরের দরপত্র অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। পরবর্তীতে প্রতি বছরের জুন মাসের মধ্যে পরবর্তী অর্থ বছরের দরপত্র অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
৫. ১ জুলাই/২০১৩ হতে ২০১৩-২০১৪ অর্থ বছরের কার্যদেশ কার্যকর করতে হবে।
৬. অধিদফতরের স্মারক নং-৪১.০১.০০০০.০৬২.০৭.৪৪৯.০৬-২০৬ তারিখ : ২০-০৩-২০১২ যোগে জারীকৃত পত্রের আলোকে "ক", "ব", "গ" ও "ঘ" গ্রুপের সিডিউল এবং শর্তাবলী অপরিবর্তিত থাকবে। কেবলমাত্র "ঙ" গ্রুপের ক্ষেত্রে সংযুক্ত সিডিউল অনুসরণ করতে হবে। "ঙ" গ্রুপের সংযুক্ত সিডিউলের বর্ণিত আসবাবপত্র ও বিছানা পত্রের স্পেসিফিকেশন ব্যতীত অন্য স্পেসিফিকেশনের আসবাবপত্র/বিছানাপত্র সিডিউলে সংযুক্ত করা যাবে না।
৭. একটি দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে জেলার আওতাধীন সকল আবাসিক প্রতিষ্ঠানের দরপত্র প্রকাশের ব্যবস্থা করতে হবে।

এমতাবস্থায়, উল্লেখিত প্রক্রিয়াসমূহ অনুসরণপূর্বক ২০১৩-২০১৪ অর্থ বছর হতে সকল আবাসিক প্রতিষ্ঠানের নিবাসিদের জন্য খাদ্য ও আনুষঙ্গিক মালামাল সরবরাহের জন্য জেলা পর্যায়ে দরপত্র আহবান ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(নাছিমা বেগম এন/জি)
মহাপরিচালক
ফোন: ৯১৩১৯৬৬
৩৩

সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

কার্যার্থে:

১. জেলা প্রশাসক, (সকল)।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)।

Aslam/D.G